দৈনিক ইত্তেফাক

তারিখ 05 JUL 1988
পৃষ্ঠা 2

# জেলা সরকারী কলেজে বহু সংখ্যক শিক্ষকের পদ শূন্য

ভোলা সংবাদদাতা জানান, ভোলা সরকারী কলেজে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাবসহ নানা সমস্যা বিরাজ করায় ছাত্র ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে।

দীর্ঘদিন যাবৎ কলেজে উপাধ্যক্ষসহ শিক্ষকের বহু পদ শূন্য রহিয়াছে। ১৭টি বিভাগে সহযোগী অধ্যাপকের ১৭টি পদ থাকিলেও কোন সহযোগী অধ্যাপক নাই। ১৮টি সহকারী অধ্যাপকের পদ থাকিলেও সহকারী অধ্যাপক আছেন মাত্র ১১ জন, প্রভাষকে ৩৫টি পদ থাকিলেও প্রভাষক আছেন মাত্র ২৪ জন। বিজ্ঞান বিভাগে ৬টি প্রদর্শকের পদ থাকিলেও মাত্র ৩ জন প্রদর্শক আছেন। কলেজে দীর্ঘদিন ধরিয়া কোন টাইপিষ্ট ও হিসাবরক্ষক নাই।

এদিকে কলেজের মূল ভবনের দোতলার প্রতিটি কক্ষের ছাদ দিয়া বৃষ্টির পানি পড়ে। কলেজে কোন মিলনায়তন নাই। আজও কলেজের বাউণ্ডারী ওয়াল ও অধ্যক্ষের বাস ভবন নির্মাণ করা হয় নাই। জরাজীর্ণ ছাত্রাবাসে ৫০ জনের অধিক ছাত্রের থাকার ব্যবস্থা নাই।